



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com



বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/চট্ট-১১/২০১৫/২২৮৪২

তারিখ : ০৭ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ  
২১ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

যাতানুরাইন ফাজিল মাদরাসা, ডাকঘরঃ রায়ছটা, উপজেলাঃ বাশখালী, জেলাঃ চট্টগ্রাম-এর ফাজিল স্নাতক(পাস)বি,এ/বিএস.এস স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২০.০২.২০২৩ খ্রিঃ তারিখের জমাকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বি,এ/বিএস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০২৩ খ্রিঃ থেকে ৩০.০৬.২০২৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

শর্তসমূহ :

১. শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের শতভাগ উপস্থিতি নিশ্চিত করতে হবে।
২. বিষয়ভিত্তিক শিক্ষকদের দ্বারা পাঠদান নিশ্চিত করতে হবে।
৩. শ্রেণিকক্ষে গাইড বই নিষিদ্ধ এবং মূল কিতাবের ব্যবহার নিশ্চিত করতে হবে।
৪. শ্রেণিকক্ষে মানসম্পন্ন পাঠদানের জন্য শিক্ষকদের উন্নত প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে।
৫. “হৃদয়ে বঙ্গবন্ধু” কর্নারকে আলাদা রুমে স্থানান্তর করে বঙ্গবন্ধুর ছবি এবং উনার জীবনী সংক্রান্ত বই দিয়ে সাজাতে হবে।
৬. লাইব্রেরিতে বইয়ের সংখ্যা বৃদ্ধি এবং দেশীয় ও আন্তর্জাতিক সাময়িকী দ্বারা সমৃদ্ধ করতে হবে।
৭. বিল, ভাউচার ক্যাশ বই সঠিকভাবে লিপিবদ্ধ করে মাসিক আর্থিক খরচসমূহ গভর্ণিং বডির সভায় অনুমোদন নিতে হবে।
৮. শিক্ষার্থীদের জন্য আলাদা সেমিনার কক্ষ এবং আইসিটি ল্যাব স্থাপনের বিষয়ে আন্তরিক হতে হবে।
৯. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

*(Signature)* 21.06.2023

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

যাতানুরাইন ফাজিল মাদরাসা

ডাকঘরঃ রায়ছটা, উপজেলাঃ বাশখালী, জেলাঃ চট্টগ্রাম।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/চট্ট-১১/২০১৫/ ২২৮৪২

তারিখ : ০৭ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ  
২১ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৫। পি.এস টু প্রো-ভিসি (অতি. দা.), প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, যাতানুরাইন ফাজিল মাদরাসা, ডাকঘরঃ রায়ছটা, উপজেলাঃ বাশখালী, জেলাঃ চট্টগ্রাম।
- ৮। অফিস নথি।

*(Signature)*  
21.06.2023

(মুহাম্মদ লুৎফুর রহমান)

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৯৭০-৮৭৭৮৭৮